গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

সভাপতি	:	**এইচ এম রকিব হায়দার** বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
বিষয়	:	**জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী।**
তারিখ ও সময়	:	০৯/০৩/২০২৫ খ্রি. সকাল- ১০.৪০ টা।
স্থান	:	জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক"তে দেখানো হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাটকে গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনানোর আহ্বান জানানো হয়। তিনি পাঠ করে শোনান, কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

ক্রঃ নং	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	**গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** ০৯ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন ও পাঠ করা হয়। এতে কোন সংশোধনী পাওয়া যায়নি।	গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি।
০২	**মাদকদ্রব্য বিরোধী অভিযান পরিচালনা সংক্রান্তঃ** সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট প্রতিবেদনে জানান যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে ১১৯টি অভিযানে গাঁজা-২৯.৭৮০ কেজি, ফেনসিডিল- ৮৮ বোতল, ট্যাপেন্টাডল- ১০৭ পিস, ইয়াবা- ৮৪০ পিস, হেরোইন-৬০ গ্রাম, বিলাতীমদ-০১ বোতল, মোটরসাইকেল- ০২ ও ইজিবাইক-০১ টি উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত আলামতসমূহের আনুমানিক মূল্য-১৯,৩৬,০০০/- টাকা। নিয়মিত মামলার সংখ্যা- ০৮টি, এবং মোবাইল কোর্টের আওতায় দায়েরকৃত মামলার সংখ্যা-২০ টি। পুলিশ সুপার, লালমনিরহাট প্রতিবেদনে জানান যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে গাঁজা-৫৮.০৫০ কেজি, ফেন্সিডিল- ৮৩১ বোতল, ইয়াবা- ৬১৩পিস, স্কাফ সিরাপ- ৮৪ বোতল উদ্ধার করা হয়েছে। আলামতগুলোর আনুমানিক মূল্য ১৭,০৭,৪০০/ টাকা। অধিনায়ক, ১৫, ৬১ ও ৫১ বর্ডার গার্ড প্রতিবেদনে জানান যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে ফেন্সিডিল-২৬৭১ বোতল, স্কাফ সিরাপ-৩৬২ বোতল, গাঁজা-৬৬ কেজি, মদ- ০৯ বোতল, ইয়াবা- ৪৭ পিস ও টাপেন্টাডল ট্যাবলেট-৯০০ পিস উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত আলামতগুলোর আনুমানিক মূল্য- ১৫,৬১,৮০০/- টাকা। সভায় জানানো হয় যে, মাদক পাচার ও সেবন প্রতিরোধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর আওতায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। পুলিশ সুপার, লালমনিরহাট প্রতিবেদনে জানান যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে ৯২ জনকে গ্রেফতার করা হয়েছে। সভায় আলোচনাকালে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট জানান যে, মাদকদ্রব্য অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা জানান যে, রংপুর থেকে লোকজন এসে ভেলাগুড়িতে মাদক গ্রহণ করে। এ বিষয়ে সভায় বিস্তারিত	১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর আওতায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা জোরদার করতে হবে। ২) যৌথ অভিযানের মাধ্যমে মাদক পাচার বন্ধে অভিযান জোরদার করতে হবে। ৩) মাদক নিয়ন্ত্রণে তিস্তা ব্রিজ, মহিপুর ব্রিজ ও তিস্তা ব্যারেজে চেকপোস্ট স্থাপন করতে হবে। ৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট এর সিটিজেন চার্টার অফিসের সামনে বিলবোর্ড আকারে প্রদর্শন করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) অধিনায়ক, ১৫,৫১,৬১ বিজিবি, লালমনিরহাট। ৩) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ৫) সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।

	আলোচনান্তে সভাপতি মহোদয় যৌথ অভিযানের মাধ্যমে মাদকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। উপপরিচালক, এনএসআই, লালমনিরহাট জানান যে, মাদকের বিরুদ্ধে সম্মিলিতভাবে কাজ করতে হবে। তিনি সভায় মাদকের ভয়াবহতা তুলে ধরেন। তিনি আরও জানান যে, রংপুর ও নীলফামারী জেলা হতে এ জেলায় প্রবেশের তিস্তা ব্রিজ, মহিপুর ব্রিজ ও তিস্তা ব্যারেজ এলাকায় চেকপোস্ট স্থাপন করা হলে মাদক নির্মূল সহজ হবে মর্মে মতামত ব্যক্ত করেন। সভায় সভাপতি মহোদয় জানান যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট এর দৈনন্দিন কার্যক্রমের কোন বিবরণ সিটিজেন চার্টারে দৃশ্যমান নেই। ফলে জনসাধারণ জানতে পারেনা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কাজ কি। এ বিষয়ে তাদের সিটিজেন চার্টার অফিসের সামনে বিলবোর্ড আকারে প্রদর্শন করলে জনসচেতনতা বৃদ্ধি পাবে।		
০৩	**মাদকদ্রব্য সংক্রান্ত মামলার মাসিক বিবরণীঃ** ফেব্রুয়ারি ২০২৫ মাসের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জানুয়ারি ২৫ মাসে মাদকদ্রব্য সংক্রান্ত মামলার সংখ্যা ছিল ৭৩৩০ টি। ফেব্রুয়ারি ২০২৫ মাসে ৭৫ টি মামলা দায়ের হয়েছে। ফেব্রুয়ারি ২০২৫ মাসে ২৮টি মামলা নিষ্পত্তি হয়েছে। অনিষ্পন্ন মামলার সংখ্যা-৭৩৭৭ টি। সভায় জানানো হয় যে, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা খুবই কম। এ বিষয়ে বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, লালমনিরহাট সভায় জানান যে, মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত সাক্ষী গ্রহণ করা হচ্ছে। কোন সাক্ষী ফেরত দেয়া হচ্ছে না। তৎপ্রেক্ষিতে অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির উপর গুরুত্ব আরোপ করা হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রংপুর বিভাগীয় চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্স কমিটির সভার ফেব্রুয়ারি, ২০২৫ মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।	১) মাদকদ্রব্য সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২) মাদক সংশ্লিষ্ট মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিজ্ঞ পিপিগণের মাধ্যমে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১) অধিনায়ক, ১৫,৫১,৬১ বিজিবি, লালমনিরহাট। ২) পুলিশ সুপার, লালমনিরহাট। ৩) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট। ৪) বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, লালমনিরহাট। ৫) কোর্ট ইন্সপেক্টর, লালমনিরহাট।
০৪	**মাদক মুক্ত করণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি ও ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণঃ** সভায় লালমনিরহাট জেলাকে মাদকমুক্তকরণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি ও ব্যাপক প্রচারের বিষয়ে করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট জানান যে, মাদকের মামলার ডাটাবেজ সম্পন্ন হয়েছে। সভাপতি মহোদয় বলেন যে, প্রতি মাসে দায়েরকৃত মামলা ডাটাবেজে অন্তর্ভুক্ত করতে হবে। ডাটাবেজের তালিকাভুক্ত বড় ধরণের মামলাগুলো আদালতের নজরে এনে নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে বিজ্ঞ পিপির সাথে যোগাযোগ করতে হবে। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রংপুর বিভাগীয় চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্স কমিটির সভার ফেব্রুয়ারি, ২০২৫ মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।	১) মাদক সেবন প্রতিরোধে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা অব্যাহত রাখতে হবে। ২) মাদকের মামলার ডাটাবেজ দাখিল করতে হবে এবং গুরুত্বপূর্ণ মামলাগুলো নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। ৩) মাদকদ্রব্য নিয়ন্ত্রণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। ৪) যানবাহনের মাধ্যমে মাদক ও অবৈধ পণ্য এ জেলার এক জায়গা থেকে অন্য জায়গায় যাতে স্থানান্তর না হয় সেজন্য জেলার গুরুত্বপূর্ণ সব স্থানে চেকপোস্ট স্থাপন করতে হবে।	১) অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট/রংপুর/ডালিয়া। ২) পুলিশ সুপার, লালমনিরহাট। ৩) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট। ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ৫) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট। ৬) বিজ্ঞ পিপি, লালমনিরহাট।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এইচ এম রকিব হায়দার)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০২৫৮৯-৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০০৩.২১-২৭৩(৩০)

তারিখ : ২৪ ফাল্গুন, ১৪৩১
০৯ মার্চ, ২০২৫

মার্চ, ২০২৫ মাসে অনুষ্ঠিত জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলোঃ

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪. পুলিশ মহপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৫. মহাপরিচালক, বর্ডার গার্ড- বাংলাদেশ, ঢাকা।
০৬. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৭. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
০৮. উপ-পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রংপুর।
০৯. --, লালমনিরহাট।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (তাঁকে কার্যবিবরণীটি জেলা পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।

(মোছাঃ আফরোজা খাতুন)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০২৫৮৯-৯৮৬৮৬৮
admlalmonirhat@mopa.gov.bd